# জাতীয় পার্টিকে নির্বাচনী মাঠে রাখার পেছনে এজেন্সির গোপন কৌশল: আখতার



সংগৃহীত ছবি

জাতীয় পার্টিকে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার সুযোগ দেওয়া কোনো স্বাভাবিক প্রক্রিয়া নয় বলে মন্তব্য করেছেন এনসিপির সদস্যসচিব আখতার হোসেন। তাঁর দাবি, একটি নির্দিষ্ট এজেন্সির পরিকল্পনার অংশ হিসেবেই নির্বাচন কমিশন আইনের নানা ব্যাখ্যা ব্যবহার করে জাতীয় পার্টির পথ সুগম করছে।

রোববার (৪ জানুয়ারি) সন্ধ্যায় এনসিপির অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। আখতার হোসেন অভিযোগ করেন, মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের সময় কমিশনের ভূমিকা প্রশ্নবিদ্ধ ছিল এবং সেখানে নিরপেক্ষতার ঘাটতি স্পষ্টভাবে দেখা গেছে।

তিনি আরও বলেন, জামায়াতের সঙ্গে সম্ভাব্য নির্বাচনী জোটকে কেন্দ্র করে এনসিপির যেসব নেতা পদত্যাগের ঘোষণা দিয়েছেন, তাদের পদত্যাগপত্র এখনো আনুষ্ঠানিকভাবে গ্রহণ করা হয়নি। এতে দলের ভেতরে বিভ্রান্তি তৈরির চেষ্টা চলছে বলেও মন্তব্য করেন তিনি।

সংবাদ সম্মেলনে জোট রাজনীতির ভবিষ্যৎ নিয়েও কথা বলেন আখতার হোসেন। জানান, জোটের আসন ভাগাভাগি কিংবা নির্বাচনের পর সরকার গঠনের সুযোগ এলে প্রধানমন্ত্রী কে হবেন—এই গুরুত্বপূর্ণ বিষয়গুলো এখনো চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছায়নি। তবে এ নিয়ে আলোচনা চলমান রয়েছে বলে জানান তিনি।

LENS ASIA